

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১০১-আইন/২০২০/৯৫-মুসক।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইন দুইটির অধীন সময় সময়, জারীকৃত রেয়াতি সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপনভুক্ত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, বাংলাদেশ উৎপাদনের ক্ষেত্রে উহার প্রস্তুতকারক বা উৎপাদকের নিয়ন্ত্রিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে উহাদের উৎপাদন পর্যায়ে সমুদয় মূল্য সংযোজন কর (মুসক) প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

- (ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয় হইতে উৎপাদক হিসাবে মুসক নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিকট হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে উক্ত পণ্য উৎপাদনে প্রয়োজনীয় অবকাঠামো ও মেশিনারিজ থাকিতে হইবে;

(৩৮০৩)
মূল্য : টাকা ৮.০০

- (ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অন্যন ত্রিশ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;
এবং
- (ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন মূল্য সংযোজন কর, সুদ, অর্থদণ্ড বা জরিমানা বাবদ কোন বকেয়া দায়-দেনা থাকিতে পারিবে না।
- ২। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতির সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারণামাসহ আবেদন করিতে হইবে।
- ৩। দফা ২ এর অধীন দাখিলকৃত আবেদনের ভিত্তিতে মূল্য সংযোজন কর কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের শর্তাবলি পরিপালন, দাখিলকৃত দলিলাদি, কর প্রদান সংক্রান্ত তথ্য, ইত্যাদি যাচাইপূর্বক এতদ্সংক্রান্ত একটি প্রতিবেদন অনধিক ত্রিশ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিবেন।
- ৪। দফা ৩ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কমিশনার উক্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক অব্যাহতির আবেদনের বিষয়ে সুস্পষ্ট সুপারিশসহ পনেরো কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন।
- ৫। দফা ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে পরিপালন হওয়া সাপেক্ষে দশ কার্যদিবসের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করিবে এবং উহা অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে।
- ৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় অনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।
- ৭। এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি বা রেয়াতি সুবিধাপ্রাপ্তি কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান বর্গিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড অনুসন্ধান করিতে পারিবে, উক্ত অনুসন্ধানে কোনো পণ্য উৎপাদনকারী উল্লিখিত শর্তাবলি প্রতিপালন করিতেছেনা মর্মে বোর্ডের নিকট প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারীর বিবৃক্তে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd